ইত্তেফাক

17 SEP 2009
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৩ ...

# পাঠ্যপুস্তক বোর্ডের কর্মকর্তা ও কর্মচারীদের অনিয়ম ও দুর্নীতির তদন্তের সিদ্ধান্ত

॥ নিজামুল হক ॥

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের (এনসিটিবি) কর্মকর্তা-কর্মচারীদের বিরুদ্ধে নানা অনিয়ম ও দুর্নীতির অভিযোগ খতিয়ে দেখার উদ্যোগ নিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। আর্থিক অনিয়ম ও দুর্নীতি, বোর্ডের বিভিন্ন সরবরাহ কাজে জড়িত হয়ে আর্থিক সুবিধা আদায়, বই প্রকাশক ও মুদ্রাকরদের সাথে যোগসাজশে বাজারে বইয়ের কৃত্রিম সংকট তৈরিসহ সার্বিক দুর্নীতি ও অনিয়ম তদন্ত করা হবে।

সংশ্লিষ্ট সূত্র জানায়, এনসিটিবিতে দীর্ঘদিন থেকে কর্মকর্তা-কর্মচারীরা নানা অনিয়ম ও দুর্নীতি করে যাচ্ছে। কিন্তু একটি শক্তিশালী সিন্ডিকেট চক্র তৈরি হওয়ায় এদের বিরুদ্ধে কোন চেয়ারম্যানই ব্যবস্থা নিতে পারেনি। বোর্ড চেয়ারম্যানরা এই শক্তিশালী চক্রের হাতে ছিলেন জিম্মি। অভিযুক্ত কোন কর্মকর্তা-কর্মচারীর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের উদ্যোগ নেয়া হলেই তারা চেয়ারম্যানের বিরুদ্ধে শিক্ষা মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট বিভাগে নানা অভিযোগ দাখিল করে। ফলে বিভিন্ন সময়ে চেয়ারম্যানরা উদ্যোগ নিয়েও ব্যর্থ হয়েছেন।

বোর্ডের সাবেক উপ-সচিব (প্রশাসন) এয়াকুব হোসেন সম্প্রতি সংশ্লিষ্ট বিভাগের কয়েকজন কর্মকর্তার বিরুদ্ধে সুনির্দিষ্ট অভিযোগ সহকারে শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি রাশেদ খান মেননের কাছে আবেদন করেন। কমিটির সভাপতি এ বিষয়ে পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের পরিচালককে তদন্তের নির্দেশ দেন। সূত্র জানায়, অচিরেই বোর্ডে তদন্ত করা হবে ও জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে।